গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd
আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০২.২১.৭৮৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়ের জন্য অফিস স্পেস ভাড়া সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: (i) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং- ৫৬.০০.০০০০.০৫৪.৩৮.০০১.২২.৪১.১৬৫, তারিখঃ ০১/০৯/২০২২ খ্রিস্টাব্দ এবং
(ii) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং- ২৫.৪৩.০০০০.০০৯.২২.০০২.২২.৭২, তারিখ ৩০/০৫/২০২২ খ্রিস্টাব্দ;

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়ের জন্য ১৩৯৮.৭৫ (এক হাজার তিনশত আটানব্বই দশমিক পঁচাত্তর) বর্গফুট আয়তনের বেসরকারি বাড়ি (অফিস স্পেস) ভাড়া করণের ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণপূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়ের জন্য পৃথক অফিস স্পেস ভাড়া করার নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) অফিস স্পেস ভাড়ার হার নির্ধারণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গত ১২ নভেম্বর ২০১৮ তারিখের ২৫.০০.০০০০০১৮.২১.০১৬.০০-৫১৪ স্মারক পত্রের সকল শর্তাবলী অনুসরণ করতে হবে;
খ) অত্র অধিদপ্তরের জেলা কার্যালয়ের জন্য অফিস স্পেস ভাড়া এর বিজ্ঞাপন স্থানীয় দৈনিক পত্রিকা (০১ টি বাংলা ও ০১ টি ইংরেজি)-তে প্রকাশ করতে হবে; যদি স্থানীয় দৈনিক ইংরেজি পত্রিকা না থাকে তাহলে ০২ (দুইটি) স্থানীয় দৈনিক বাংলা পত্রিকায় অফিস স্পেস ভাড়া এর বিজ্ঞাপন প্রকাশ করতে হবে;
গ) অত্র অধিদপ্তরের জেলা কার্যালয়ের ওয়েবসাইটে এবং গুরুত্বপূর্ণ স্থানে অফিস স্পেস ভাড়া এর বিজ্ঞাপন প্রকাশ/প্রচার করতে হবে;
ঘ) টাইলস্/মোজাইক মেঝে বিশিষ্ট ব্যবহারযোগ্য অফিস স্পেস থাকতে হবে;
ঙ) টয়লেট এর সুবিধা থাকতে হবে যাতে করে মহিলা/পুরুষ কর্মকর্তা/কর্মচারীগণ পৃথকভাবে ব্যবহার করতে পারে।
চ) গাড়ী পার্কিং সুবিধা আছে এরূপ অফিস স্পেস ভাড়ার প্রস্তাব অগ্রাধিকার দিতে হবে।
ছ) পাবলিক প্রকিউরমেন্ট রুলস্ ২০০৮ (PPR-2008) অনুসরণপূর্বক অফিস স্পেস ভাড়া করতে হবে;
জ) অত্র অধিদপ্তরের জেলা কার্যালয়ের জন্য অফিস স্পেস ভাড়া চুক্তিনামা কমপক্ষে ০৩(তিন) বছরের জন্য হতে হবে (যা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নবায়নযোগ্য);
ঝ) প্রত্যেকটি জেলায় নিম্নবর্ণিতভাবে গঠিত এ সংক্রান্ত কমিটি যত দ্রুত সম্ভব প্রাপ্ত বাসা ভাড়ার প্রস্তাবসমূহ তুলনামূলক পর্যালোচনা করে যাচাইবাছাইপূর্বক প্রস্তাব চূড়ান্ত করবে। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

| | | |
|---|---|---|
| ১. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সংশ্লিষ্ট জেলা | আহ্বায়ক |
| ২. | উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয়/ যুব উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |

| | | |
|---|---|---|
| ৩. | প্রোগ্রামার/ প্রোগ্রামার (দায়িত্বে), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য সচিব |

ঞ) ভাড়া চূড়ান্তকরণের পূর্বে অফিস স্পেস ভাড়ার খসড়া চুক্তিনামাপত্রসহ মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-এঁর অনুমোদন গ্রহণ করতে হবে;

ট) বাড়ির মালিকের সাথে সম্পাদিত অফিস স্পেস ভাড়ার চূড়ান্ত স্বাক্ষরিত চুক্তিনামাপত্রের কপি অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

২। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫-৯-২০২২
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২
ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২
ইমেইল: dg@doict.gov.bd

প্রোগ্রামার/ প্রোগ্রামার (দায়িত্বে) (সকল জেলা) জেলা
কার্যালয়,.................., তথ্য ও যোগাযোগ
প্রযুক্তি অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০২.২১.৭৮৬/১(৬৯)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর

২) জেলা প্রশাসক (সকল)

৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিবের মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৬) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ............................, জেলা

১৫-৯-২০২২
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক